# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২০৩. আল্লাহ্ তা’আলার কোন গুণবাচক নামে নিজের নাম কিংবা উপনাম রাখা

হা’নী বিন্ ইয়াযীদ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: তিনি একদা তাঁর গোত্রের লোকদের সাথে নবী (সা.) এর নিকট আগমন করলে নবী (সা.) শুনতে পান যে, সবাই তাঁকে আবুল-’হাকাম বলে ডাকে। তখন নবী (সা.) তাঁকে ডেকে বললেন:

إِنَّ اللهَ هُوَ الْـحَكَمُ ، وَإِلَيْهِ الْـحُكْمُ ، فَلِمَ تَكَنَّيْتَ بِأَبِيْ الْـحَكَمِ ؟!

“নিশ্চয়ই আল্লাহ্ তা’আলা একক মহান বিচারপতি। তার উপরই সকল বিচার-ফায়সালা ন্যস্ত। তা হলে তুমি আবুল-’হাকাম উপনামটি নিজের জন্য গ্রহণ করলে কেন”?[1]তিনি বললেন: না, আমি তা নিজে গ্রহণ করিনি। বরং আমার গোত্র যখন কোন ব্যাপার নিয়ে নিজেদের মধ্যে দ্বন্দ্বে লিপ্ত হতো তখন তারা আমার নিকট আসলে আমি তাদের মাঝে উপযুক্ত বিচার-ফায়সালা করে দিলে তারা উভয় পক্ষ খুশি হতো। রাসূল (সা.) বললেন: ব্যাপারটি তো খুবই চমৎকার। অতঃপর বললেন: তোমার কি কোন সন্তান আছে? তিনি বললেন: আমার চারটি সন্তান আছে। তারা হলো: শুরাইহ্, আব্দুল্লাহ্, মুসলিম ও হানী। রাসূল (সা.) বললেন: তাদের মধ্যে বড়ো কে? তিনি বললেন: শুরাইহ্। তখন রাসূল (সা.) বললেন: তা হলে তুমি হচ্ছো আবু শুরাইহ্। অতঃপর রাসূল (সা.) তার ও তার সন্তানের জন্য দো’আ করলেন।

>

## ফুটনোট

[1] (আদাবুল-মুফ্রাদ্, হাদীস ৮১১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11453

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন